যুগান্তর

তারিখ 07 DEC 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৩

খাতা পুনর্মূল্যায়ন দাবি

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩ সালের অনার্স পার্ট-৪ ফাইনাল পরীক্ষার ফল সংশোধন ও খাতা পুনর্মূল্যায়নের দাবিতে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। রোববার দুপুরে গাজীপুরের বোর্ডবাজারে অবস্থিত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মূল ফটকে তালা লাগিয়ে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা জানান, অনার্স পার্ট-৪ পরীক্ষার ফলাফলে দেশের বিভিন্ন কলেজের প্রায় ২৬ হাজার শিক্ষার্থীর একেকজন একেক বিষয়ে অকৃতকার্য হন। এ কারণে তারা মাস্টার্সে ভর্তি হতে পারছেন না। তাদের দাবি ওইসব পরীক্ষার খাতা যথাযথভাবে মূল্যায়িত হয়নি। এদের মধ্যে অনেক শিক্ষার্থী রয়েছেন যারা অনার্স পার্ট-৩ পর্যন্ত সব বিষয়ে ভালো ফল করেছেন। খাতা যথাযথ মূল্যায়িত হলে তারা পাস করতেন। ঢাকা কলেজের অর্থনীতি বিভাগের শিক্ষার্থী আবদুল কাদের হিমেল জানান, খাতা পুনর্মূল্যায়নের জন্য কর্তৃপক্ষ বরাবর আবেদন করলে ৮৪৬ টাকা খরচ হয়। প্রায় ২৬ হাজার শিক্ষার্থীর খাতা পুনর্মূল্যায়নে বিপুল পরিমাণ টাকা প্রয়োজন। তাঁরা বিনা খরচে খাতা মূল্যায়নের দাবি জানান।